



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ  
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED  
(A Company of Petrobangla)

সূত্র নং-২৮.০৯.০০০০.০১২.৩৯.০০২.২২/ ২৪০

তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২২

অফিস আদেশ

SIAC Arbitration No. 034 of 2021 মামলার আইনি পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে বাপেক্স ও SOCAR AQS এর আদান-প্রদানকৃত দলিলাদি ও পত্র যোগাযোগের Hard Copy ও Soft Copy একত্রিত করে সংরক্ষণ এবং প্রয়োজনীয়তার নিরিখে তা কোম্পানির লিগ্যাল কাউন্সেলকে প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:

কমিটি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- |  |              |
|--|--------------|
| ১. জনাব মোঃ তোফায়েল উদ্দিন শিকদার, উপমহাব্যবস্থাপক (রসায়ন) ও প্রকল্প পরিচালক | -আহবায়ক     |
| ২. জনাব মোঃ মঞ্জুরুল হক, উপমহাব্যবস্থাপক (প্রশাসন), কোম্পানি সচিবালয়          | -সদস্য       |
| ৩. জনাব সাইয়েদ মুহাম্মদ কবীর, উপমহাব্যবস্থাপক (তড়িৎকৌশল), আরএন্ডডি বিভাগ     | - সদস্য      |
| ৪. জনাব মোঃ আব্দুল বাতিন, ব্যবস্থাপক (ভূতত্ত্ব), আরএন্ডডি বিভাগ                | - সদস্য সচিব |
| ৫. জনাব মোহাম্মদ জিয়াউর রহমান, উপব্যবস্থাপক (প্রশাসন), কোম্পানি সচিবালয়      | -সদস্য       |

কমিটির কার্যপরিধি:

- ক) কমিটি বাপেক্স ও SOCAR AQS এর মধ্যে চুক্তি সম্পাদনের পূর্বে আদান-প্রদানকৃত দলিলাদি ও পত্র যোগাযোগের Hard Copy ও Soft Copy এবং চুক্তি সম্পাদনের পর বর্ণিত দুটি কোম্পানির মধ্যে আদান-প্রদানকৃত দলিলাদি ও পত্র যোগাযোগের Hard Copy ও Soft Copy তারিখ অনুযায়ী সংগ্রহপূর্বক একত্রিত করবে;
- খ) কমিটি বাপেক্স ও SOCAR AQS এর মধ্যে বিরোধ সৃষ্টি হওয়ার পর হতে অদ্যাবধি বর্ণিত দুটি কোম্পানির মধ্যে আদান-প্রদানকৃত পত্র যোগাযোগের কপি, বিরোধ নিরসনকল্পে গৃহীত সকল কার্যক্রমের দলিলাদি, SOCAR AQS কর্তৃক সালিশি মামলা দায়েরের পর হতে বাপেক্স কর্তৃক গৃহীত কার্যক্রমের দলিলাদি, SIAC Arbitration No. 034 of 2021 সংক্রান্ত লিগ্যাল কাউন্সেল এর সাথে যোগাযোগ এবং প্রদানকৃত তথ্যাদির কপি ইত্যাদি তারিখ অনুযায়ী সংগ্রহপূর্বক একত্রিত করবে;
- গ) উপর্যুক্ত অনুচ্ছেদ- ক ও খ এর বর্ণনার আলোকে সংগৃহীত তথ্যাদি বাপেক্সের কোম্পানি সচিবালয়ে সংরক্ষণ করবে এবং প্রয়োজনীয়তার নিরিখে তা SIAC এবং কোম্পানির স্থানীয় ও আন্তর্জাতিক লিগ্যাল কাউন্সেল এর চাহিদা অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ঘ) Arbitration মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কমিটির মেয়াদ বহাল থাকবে।  
কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৯.০৯.২০২২  
(মোহাম্মদ আবুল বশর)  
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ:

১. কমিটির আহবায়ক/সদস্য সচিব/সদস্য জনাব ..... বাপেক্স, ঢাকা।

অনুলিপি:

১. মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক..... বাপেক্স, ঢাকা।  
২. উপমহাব্যবস্থাপক (আইসিটি), পরিকল্পনা ও আইসিটি বিভাগ, বাপেক্স, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহকারে)।  
৩. ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।  
৪. অফিস কপি।